

ধর্মগুরু দলাই লামা (এইচএইচডিএল)-র অরুণাচল প্রদেশ সফর

শ্রদ্ধেয় ধর্মগুরু দলাই লামা (এইচএইচডিএল) অরুণাচল প্রদেশ সফরে।

তাঁর ওয়েবসাইট অনুসারে, ধর্মগুরু এর আগে ছয়বার অরুণাচল প্রদেশ সফর করেছেন। এর আগে তাঁর অরুণাচল প্রদেশ সফরের সময়কাল এবং পরিদর্শনের স্থান নিচে উল্লেখ করা হল (সূত্র : www.dalailama.com)

১) ১৯৮৩ : মার্চ ২৪- মে ৬ [(মার্চ ২৪-২৭), মিয়াও (মার্চ ২৭-২৯), তার্জিনাং (মার্চ ২৯-এপ্রিল ১০), বোমডিলা (এপ্রিল ১০- ১১), তাংয়াং (এপ্রিল ১১-১৭), দিরাং (এপ্রিল ১৭-২৯), বোমডিলা (এপ্রিল ২৯- মে ৪), ইটানগর (মে ৪-৬)]

২) ১৯৯৬ : ডিসেম্বর ৭-১৬ [মিয়াও (ডিসেম্বর ৮- ১১), তেজু (ডিসেম্বর ১১-১৪) এবং মিরিগ (মিরিং) (ডিসেম্বর ১৪-১৬)]

৩) ১৯৯৭ : অক্টোবর ৯-২১ [তেনজিং গ্যাং (অক্টোবর ১০-১৩), বোমডিলা (অক্টোবর ১৩-১৪), দিরাং (অক্টোবর ১৪-১৫), তাওয়াং (অক্টোবর ১৫-২১)]

৪) ২০০৩ : এপ্রিল ২৯- মে ৯ [তেনজিনাং (এপ্রিল ২৯- মে ১), দাছং (মে ১), বোমডিলা (মে ১-৩), দিরাং (মে ৩), এবং তাওয়াং (মে ৩-৯)]

৫) ২০০৩ : ডিসেম্বর ১১-১৭ [মিয়াও (ডিসেম্বর ১১-১৩), তুটিং (ডিসেম্বর ১৩), তেজু (ডিসেম্বর ১৩-১৫), মাখুকা (ডিসেম্বর ১৫), ইটানগর (ডিসেম্বর ১৫-১৭) এবং চৌউখাম (ডিসেম্বর ১৭)]

৬) ২০০৯ : নভেম্বর ৮-১৫। তিনি ৮ নভেম্বর তাওয়াং সফরে যান, সেখানে চার দিন ছিলেন।

সরকার স্পষ্ট করেছে তার অবস্থান, এইচএইচডিএল একজন ধর্মীয় গুরু, যাঁকে ভারতের বহু মানুষ গভীর শ্রদ্ধা করেন। তাঁর ধর্মীয় এবং আধ্যাত্মিকে কার্যকলাপ এবং ভারতের বিভিন্ন রাজ্যে সফরের বিষয়ে কোনও অতিরিক্ত রং আরোপ করা হবে না।

সরকার তাই অনুরোধ জানাচ্ছে, তাঁর বর্তমান অরুণাচল প্রদেশ সফর নিয়ে যেন কোনও কৃত্রিম বিতর্ক তৈরি করা না হয়।

নয়াদিল্লি

এপ্রিল ০৪, ২০১৭